

স্মারক নং-০৯.৩১২.০১১.২২.০০.০০৫.২০১৬/ ৭৬৩

তারিখঃ ২৭/০২/২০১৭ খ্রিঃ


নিয়োগ আদেশ

অর্থনৈতিক সম্পর্ক বিভাগের গত ৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখের ০৯.৩১২.০১১.২২.০০.০০৫.২০১৪/৭৯৭ নম্বর স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নের আলোকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তান হিসাবে নিম্নবর্ণিত প্রার্থীকে **সিটি-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর** পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৩ তম গ্রেড-এর ১১০০০-২৬৫৯০/- টাকা বেতনক্রমে অস্থায়ীভাবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	প্রার্থীর স্থায়ী ঠিকানা
১।	৩০০২৪	শামীমা সুলতানা পিতা: মো: জিল্লুর রহমান খান	গ্রাম: দোহাকুলা, ডাকঘর: বাঘারপাড়া থানা: বাঘারপাড়া, জেলা: যশোর

২। শর্তাবলীঃ


- ক) তাঁকে ০২ বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। প্রয়োজনবোধে উক্ত শিক্ষানবিসকালের মেয়াদ বৃদ্ধি করা যাবে। শিক্ষানবিসকালে তাঁর আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই তাঁকে চাকুরি হতে অপসারণ করা হবে।
- খ) পুলিশ প্রতিবেদন সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল করা হবে।
- গ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ঘ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোনরূপ ভ্রমণ/দৈনিক ভাতা পাবেন না।
- ঙ) তাঁকে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদনের মূল কপিসহ চাকুরিতে যোগদান করতে হবে।
- চ) চাকুরিতে যোগদানের সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে। মূল সনদপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।
- ছ) প্রার্থীকে নাগরিকত্ব সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের প্রতिस্বাক্ষরসহ যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে দাখিলকৃত সনদপত্রের বিষয়ে ভিন্ন তথ্য পাওয়া গেলে নিয়োগ বাতিল করা হবে।
- জ) নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
- ঝ) তাঁকে আগামী ১৫ মার্চ, ২০১৭ তারিখে (রুক নং-১০, কক্ষ নং-২৫, তৃতীয় তলা, শেরে বাংলা নগর, ঢাকা) এ বিভাগের প্রশাসন-২ শাখায় যোগদান করতে হবে।
- ঞ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়ন অনুযায়ী মুক্তিযোদ্ধার নিজ নাম ও পিতার নামে পার্থক্য রয়েছে। পার্থক্য নিরসনের জন্য গেজেট সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সংশোধিত কপি এ বিভাগে দাখিল করতে হবে। অন্যথায় তাঁর চাকুরি স্থায়ী করা হবে না।
- ট) মুক্তিযোদ্ধা সংক্রান্ত কাগজপত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে চূড়ান্ত যাচাই-বাছাই এ মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তিনি বেতন ভাতাসহ গৃহীত সমুদয় অর্থ/সুবিধা প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন মর্মে অজ্ঞীকারনামা দাখিল করবেন।


(মাহবুবা আইরিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১১৯৭১৯
তারিখঃ ২৭/০২/২০১৭ খ্রিঃ

স্মারক নং-০৯.৩১২.০১১.২২.০০.০০৫.২০১৬/ ৭৬৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক-----, নিয়োগ আদেশটি জারির অনুরোধ জানিয়ে।
- ৩। সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা-----, স্বাস্থ্যগত উপযুক্ততা সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হ'ল।
- ৪। সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ইআরডি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানিয়ে)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট/ব্যক্তিগত নথি।


(মাহবুবা আইরিন)
সিনিয়র সহকারী সচিব